গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি শাখা-০৪
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫৪.৯৯.০০৬.২১.৫২

তারিখ: ২৫ আশ্বিন ১৪৩০
১০ অক্টোবর ২০২৩

বিষয়: **'জাতীয় জনসংখ্যা পরিষদ'-এর ০২.০৯.২০১০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত-২৭(খ)- এর বাস্তবায়ন সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি প্রেরণ।**

সূত্র: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের স্মারক নং- ৫৯.০০.০০০০.১১৪.০৬.০১২.২০.১৫০, তারিখ: ২৬.০৯.২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'জাতীয় জনসংখ্যা পরিষদ'-এর ০২.০৯.২০১০ তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

> "জনসংখ্যা সমস্যা বহুখাতভিত্তিক বিধায় তা মোকাবেলার জন্য উপযুক্ত কৌশল উদ্ভাবন করতে হবে। নুতন নুতন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে জনসংখ্যা সমস্যা মোকাবেলা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্য অর্জনের জন্য সাধারণ শিক্ষার সাথে সাথে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ব্যাপক প্রসার ঘটাতে হবে।"

০২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক।

১১-১০-২০২৩
মুহাম্মদ আব্দুস সালাম
উপসচিব
ফোন: ৫৫১০০৪২৫
ইমেইল: sastech4@tmed.gov.bd

মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫৪.৯৯.০০৬.২১.৫২/১

তারিখ: ২৫ আশ্বিন ১৪৩০
১০ অক্টোবর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) যুগ্মসচিব, কারিগরি অধিশাখা , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩) অফিস কপি

১১-১০-২০২৩

মুহাম্মদ আব্দুস সালাম
উপসচিব

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর
ডায়েরী নম্বর: ৩০২ তাগিদপত্র 26 SEP 2023

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১১৪.০৬.০১২.২০-১৫০ তারিখ: ১১ আশ্বিন ১৪৩০ / ২৬ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: **'জাতীয় জনসংখ্যা পরিষদ'-এর গত ০২/০৯/২০১০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত-২৭(খ)-এর বাস্তবায়ন সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি প্রেরণ**

সূত্র: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের স্মারক নং-৫৯.০০.০০০০.১১৪.০৬.০১২.২০-১৭, তারিখ: ১৪-০২-২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবহিত করা যাচ্ছে যে, 'জাতীয় জনসংখ্যা পরিষদ'-এর গত ০২/০৯/২০১০ তারিখের অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত ২৭-খ ("জনসংখ্যা বহু খাতভিত্তিক বিধায় তা মোকাবেলার জন্য উপযুক্ত কৌশল উদ্ভাবন করতে হবে। নতুন নতুন কর্মস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে জনসংখ্যা সমস্যা মোকাবেলা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্য অর্জনের জন্য সাধারণ শিক্ষার সাথে সাথে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার ব্যাপক প্রসার ঘটাতে হবে")-এর বিষেয় মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়েছিল। অদ্যাবধি এ সর্ম্পকিত মতামত পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, 'জাতীয় জনসংখ্যা পরিষদ'-এর গত ০২/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত ২৭-খ-এর বিষয়ে তাঁর বিভাগের মতামত জরুরীভিত্তিতে প্রদানের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: 'জাতীয় জনসংখ্যা পরিষদে-এর ০২/০৯/২০১০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবণীর কপি।

(এ, বি, এম, নুরুল আলম)
সহকারী সচিব
টেলিফোন: ৫৫১০০৭৯১
ই-মেইল: population1@mefwd.gov.bd

সিনিয়র সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং-৫৯.০০.০০০০.১১৪.০৬.০১২.২০-১৫০/১(২) তারিখ: ১১ আশ্বিন ১৪৩০ / ২৬ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতির জন্য:
১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
২) অতিরিক্ত সচিব (জনসংখ্যা, প. ক. ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

(এ, বি, এম, নুরুল আলম)
সহকারী সচিব

যুগ্মসচিব (কারিগরি অধিশাখা-২) এর দপ্তর
ডকেট নং-২২০৯ তারিখ: ২/১০/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

## পুনর্গঠিত জাতীয় জনসংখ্যা পরিষদের প্রথম সভার কার্যবিবরণী

পুনর্গঠিত জাতীয় জনসংখ্যা পরিষদের প্রথম সভা ১৮ ভাদ্র ১৪১৭/০২ সেপ্টেম্বর, ২০১০ সকাল ১০.৩০ এ প্রধানমন্ত্রীর কার্যালয়ের করবী সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। পরিষদের চেয়ারপারসন এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ সভায় সভাপতিত্ব করেন। সভায় বেগম মতিয়া চৌধুরী, মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়; জনাব দিলীপ কুমার বড়ুয়া, মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়; ড. মোঃ আব্দুর রাজ্জাক, মাননীয় মন্ত্রী, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়; ডাঃ আ ফ ম রুহল হক, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়; জনাব নুরুল ইসলাম নাহিদ, মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়; ডাঃ ক্যাপ্টেন (অব:) মুজিবুর রহমান ফকির, মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং সিটি কর্পোরেশনসমূহের মেয়রবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত পরিষদের অন্যান্য সদস্যদের তালিকা পরিশিষ্ট ক এ সন্নিবেশ করা হল।

২. সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব ও পরিষদের সদস্য সচিব জনাব মুহম্মদ হুমায়ুন কবির পরিবার পরিকল্পনা খাতে সরকারী কার্যক্রমের উপর একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন।

৩. শুরুতে তিনি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১৯৭৫ সালের ২৬মার্চ প্রদত্ত ভাষণের অংশবিশেষ উদ্ধৃত করেন যা নিম্নরূপ: "একটা কথা ভুলে গেলে চলবে না যে, প্রত্যেক বৎসর আমাদের ৩০ লক্ষ লোক বাড়ে। আমার জায়গা হল ৫৫ হাজার বর্গমাইল। যদি আমাদের প্রত্যেক বৎসর ৩০ লক্ষ লোক বাড়ে তা হলে ২৫/৩০ বৎসরে বাংলার কোন জমি থাকবে না হালচাষ করার জন্য। বাংলার মানুষ বাংলার মানুষের মাংস খাবে। সে জন্য আমাদের পপুলেশন কন্ট্রোল, ফ্যামিলি প্ল্যানিং করতে হবে।''

৪. তিনি বলেন, রূপকল্প (ভিশন ২০২১) এ ২০২১ সালে জনসংখ্যার অভিক্ষেপ করা হয়েছে ১৬.৫ কোটি। শ্রমশক্তি হবে ১০.৫ কোটি। বর্তমানে ৪.৫ কোটি কর্মরত শ্রমিকের সংখ্যা ২০১৩ সালে হবে ৫.৬ কোটি এবং ২০২১ সালে হবে ৯ কোটি । স্বাস্থ্য সেবা খাতের লক্ষ্যমাত্রায় বলা হয়েছে: ২০২১ সালের মধ্যে দরিদ্র জনগোষ্ঠীর জন্য দৈনিক ন্যূনতম ২১২২ কিলো ক্যালোরির উর্ধে খাদ্য, সংক্রামক ব্যাধি সম্পূর্ণ নির্মূল, সকলের প্রাথমিক স্বাস্থ্য সেবা, ২০১৩ সালের মধ্যে সকলের জন্য স্বাস্থ্য সম্মত স্যানিটেশন, ২০২১ সালের মধ্যে গড় আয়ুস্কাল ৭০ এর কোঠায় উন্নীত, শিশু ও মাতৃ-মৃত্যু হার কমানো প্রভৃতি নিশ্চিত করা হবে। উক্ত রূপকল্পে জাতীয় জনসংখ্যা নীতি যুগোপযোগী করণের লক্ষ্যমাত্রাও স্থির করা আছে।

৫. রূপকল্প (ভিশন) অনুযায়ী ২০২১ সালে জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির ব্যবহারের হার ৮০ শতাংশে উন্নীত করা হবে। ২০২১ সালে মাতৃ-মৃত্যুর হার (প্রতি হাজারে) ৩.৮ (বর্তমানে ২.৯) থেকে কমে হবে ১.৫ (১.৪৩) । ২০২১ সালে শিশুমৃত্যুর হার (১ বছরের নীচে) বর্তমান হাজারে ৫২ থেকে কমিয়ে ১৫ করা হবে। ২০২১ সালে গড় আয়ুস্কাল ৭০-এর কোঠায় উন্নীত করা হবে।

পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে ইতোমধ্যে প্রকাশ করা হয়েছে। উক্ত খসড়া ওয়েবসাইট থেকে নিয়ে মতামত প্রদানের জন্য তিনি পরিষদের সদস্যদের আহ্বান জানান।

সিদ্ধান্ত :

২৭. বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

ক) জনসংখ্যা নিয়ন্ত্রণ এবং সম্পদের উত্তরাধিকার আইনের বিষয়টি পরীক্ষা নিরীক্ষা করে দেখা হবে।

খ) জনসংখ্যা সমস্যা বহুখাতভিত্তিক বিধায় তা মোকাবেলার জন্য উপযুক্ত কৌশল উদ্ভাবন করতে হবে। নুতন নুতন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে জনসংখ্যা সমস্যা মোকাবেলা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্য অর্জনের জন্য সাধারণ শিক্ষার সাথে সাথে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার ব্যাপক প্রসার ঘটাতে হবে।

ঘ) জনসংখ্যা নীতি সংশোধনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। পরিষদের সদস্যগণ খসড়ার উপর কোন মতামত থাকলে ওয়েবসাইট থেকে খসড়া সংগ্রহ করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বা পরিবার পরিকল্পনা অধিদপ্তরে মতামত প্রদান করতে পারেন।

ঙ) পরিষদের যে সকল সম্মানিত সদস্য জনসংখ্যা বিষয়ক গবেষণা সম্পাদন করেছেন তাঁরা তাঁদের গবেষণার আলোকে পরিষদকে পরামর্শ প্রদান করতে পারেন।

চ) পরিবার পরিকল্পনা অধিদপ্তর-এর শূন্য পদগুলো দ্রুত পূরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

ছ) নিম্ন অগ্রগতি সম্পন্ন ও দুর্গম এলাকার তালিকা প্রণয়ন করতে হবে।

২৮. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

৬/১০/১০ | | ৪/১০/১০ | | ৫/১০/১০

(মুহম্মদ হুমায়ুন কবির) — সচিব

(ডাঃ ক্যাপ্টেন (অব:) মুজিবুর রহমান ফকির) — প্রতিমন্ত্রী

(ডাঃ আ ফ ম রুহুল হক) — মন্ত্রী

১১/১০/১০

(শেখ হাসিনা)

প্রধানমন্ত্রী